গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
ফোন : ০২৩৩৩৩৩৬৯৯০ ই-মেইল : cgwc_edu@yahoo.com
কলেজ কোড ঃ 4302, EIIN : 104710

নম্বর : ২৯৮

তারিখ : ২৮/০৭/২০২৫ খ্রিঃ

# ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

চট্টগ্রাম সরকারি মহিলা কলেজে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তিচ্ছু ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় ও চট্টগ্রাম শিক্ষা বোর্ডের প্রণীত পরিপত্র অনুসারে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক চট্টগ্রাম সরকারি মহিলা কলেজে একাদশ বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তি কার্যক্রম পরিচালিত হবে।

**১। আসন সংখ্যা ঃ**

| বিজ্ঞান বিভাগ | মানবিক বিভাগ | ব্যবসায় শিক্ষা বিভাগ |
|---|---|---|
| ৫০০ | ৪০০ | ৫০০ |

**২। আবেদনের যোগ্যতা ঃ (ক) জিপিএ ঃ**

| বিজ্ঞান বিভাগ | মানবিক বিভাগ | ব্যবসায় শিক্ষা বিভাগ |
|---|---|---|
| ৫.০০ | ৩.০০ | ৪.০০ |

(খ) ২০২৪, ২০২৫ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৫-২৬ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একদশ শ্রেণিতে অনলাইনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

(গ) বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (খ) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

**৩। আবেদন করার পদ্ধতি ঃ**

(ক) শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা : www.xiclassadmission.gov.bd

(খ) শিক্ষার্থীরা শুধুমাত্র অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০/- (দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ০৫ (পাঁচ)টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

৪। ভর্তির আবেদন, ফল প্রকাশ ও ভর্তি ঃ

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৪.১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহন (যারা পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ৩০/০৭/২০২৫ থেকে ১১/০৮/২০২৫ |
| ৪.২ | আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি | ১২/০৮/২০২৫ |
| ৪.৩ | শুধু মাত্র পুনঃনিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১৩/০৮/২০২৫ থেকে ১৪/০৮/২০২৫ |
| ৪.৪ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১৫/০৮/২০২৫ |
| ৪.৫ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২০/০৮/২০২৫ ( রাত ৮:০০টায়) |
| ৪.৬ | শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ২০/০৮/২০২৫ থেকে ২২/০৮/২০২৫ ( রাত ৮:০০টা পর্যন্ত) |
| ৪.৭ | ২য় পর্যায়ে আবেদন গ্রহণ | ২৩/০৮/২০২৫ থেকে ২৫/০৮/২০২৫ ( রাত ৮:০০টা পর্যন্ত) |
| ৪.৮ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ২৮/০৮/২০২৫ ( রাত ৮:০০টায়) |
| ৪.৯ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২৮/০৮/২০২৫ ( রাত ৮:০০টায়) |
| ৪.১০ | ২য় পর্যায়ে শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ২৯/০৮/২০২৫ থেকে ৩০/০৮/২০২৫ ( রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৪.১১ | ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ | ৩১/০৮/২০২৫ থেকে ০১/০৯/২০২৫ |
| ৪.১২ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৩/০৯/২০২৫ (রাত ৮:০০ টায়) |
| ৪.১৩ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ০৩/০৯/২০২৫ (রাত ৮:০০ টায়) |
| ৪.১৪ | ৩য় পর্যায়ে শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে।) | ০৪/০৯/২০২৫ (রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৪.১৫ | সর্বশেষ মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৫/০৯/২০২৫ |
| ৪.১৬ | **ভর্তি** | ০৭/০৯/২০২৫ থেকে ১৪/০৯/২০২৫ |
| ৪.১৭ | **ক্লাস শুরু** | ১৫/০৯/২০২৫ |

৫। **প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি ঃ**

(ক) ভর্তি জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এস.এস.সি. বা সমমানের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

(খ) কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৩% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষামন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানের জন্য ১% এবং অধিনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ১% কোটা সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ভর্তির জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে।

(খ) **নিশ্চায়ন ফি** ঃ শিক্ষাবোর্ড শিক্ষার্থীর নিকট হতে ভর্তির প্রাথমিক নিশ্চয়ন করার সময় শিক্ষার্থী প্রতি ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ ) টাকা ফি গ্রহণ করবে।

- ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলি শিক্ষামন্ত্রণালয়ের ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এবং কলেজের ওয়েবসাইট www.cgwc.edu.bd থেকে জানা যাবে।

| | | | |
|---|---|---|---|
| 28/07/25 | 28.07.2025 | 28.7.25 | 28.7.25 |
| অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)<br>চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ<br>চট্টগ্রাম। | আহ্বায়ক<br>একাদশ (বিজ্ঞান)ভর্তি কমিটি<br>চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ<br>চট্টগ্রাম। | আহ্বায়ক<br>একাদশ (মানবিক)ভর্তি কমিটি<br>চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ<br>চট্টগ্রাম। | আহ্বায়ক<br>একাদশ (ব্যবসায় শিক্ষা) ভর্তি কমিটি<br>চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ<br>চট্টগ্রাম। |